# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৫১

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

## আরবী

وَعَن ابنِ عبَّاسٍ أَنَّ رَجُلًا نَازَعَتْهُ الرِّيحُ رِدَاءَهُ فَلَعَنَهَا. فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَلْعَنْهَا فَإِنَّهَا مَأْمُورَةٌ وَأَنَّهُ مَنْ لَعَنَ شَيْئًا لَيْسَ لَهُ بِأَهْلٍ رَجَعَتِ اللَّعْنَةُ عَلَيْهِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُد

## বাংলা

৪৮৫১-[৪০] ’আবদুল্লাহ ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, জনৈক ব্যক্তির চাদর বাতাসে উড়ছিল। তখন লোকটি বাতাসকে অভিসম্পাত করল। এটা শুনে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ বাতাসকে অভিসম্পাত করো না। কেননা তা তো আদিষ্ট। প্রকৃত ঘটনা এই যে, যে ব্যক্তি কোন বস্তুকে অভিসম্পাত করে, যদি সে বস্তুটি অভিসম্পাতযোগ্য না হয়, তবে তা অভিসম্পাতকারীর দিকেই ফিরে আসে। (তিরমিযী ও আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৪৯০৮, তিরমিযী ২০৬১, সিলসিলাতুস্ সহীহাহ্ ৫২৮, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১২৫৮৮, আল মু‘জামুস্ সগীর ৯৫৭, শু‘আবুল ঈ‘মান ৫২৩৫, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৮০০, সহীহুল জামি‘ ৭৮৮৭।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (أَنَّ رَجُلًا نَازَعَتْهُ الرِّيحُ) বাতাস এক ব্যক্তির চাদর উড়িয়ে নিলে সে তাকে লা‘নাত বা অভিশাপ দেয়। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে লক্ষ্য করে বললেনঃ তুমি তাকে লা‘নাত করো না, কেননা সে আদিষ্ট তথা সে যে কোন ব্যাপারে আদিষ্ট, উড়িয়ে নেয়া তার বৈশিষ্ট্য, তার মধ্যে এটা থাকাই স্বাভাবিক। অথবা বান্দাকে যে ব্যাপারে পরীক্ষা করার জন্য সে আদিষ্ট তার মধ্যে উড়ানোও একটি।

(وَأَنَّهُ مَنْ لَعَنَ شَيْئًا لَيْسَ لَهُ بِأَهْلٍ) আর যে ব্যক্তি এমন ব্যাপারে লা‘নাত করে যার সে উপযুক্ত নয়, তাহলে লা‘নাতকারীর দিকে উক্ত লা‘নাত ফিরে আসে। (‘আওনুল মা‘বূদ ৮ম খন্ড, হাঃ ৪৯০০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75575

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন